

গুগল ট্রান্সলেট কী?

গুগল ট্রান্সলেট বিভিন্ন ভাষা থেকে অন্য ভাষায় অনুবাদের একটি সার্ভিস। বিশ্বের ৯০টির বেশি ভাষার একটি থেকে আরেকটি ভাষায়, অনুবাদের যান্ত্রিক সুবিধা দিচ্ছে বিশ্বখ্যাত সার্চ ইঞ্জিন গুগল। এই সুবিধায় বাংলা যুক্ত হয়েছে ২০১১ সালে, ৬৫তম ভাষা হিসেবে। গুগল ট্রান্সলেটের সাহায্যে শুধু কোনো শব্দ বা বাক্যই নয়, পুরো লেখা বা ওয়েবসাইটের অনুবাদও পড়া যায় বাংলায়। আপনি সহজেই www.translate.google.com-এ গিয়ে এই সার্ভিসটি পেতে পারেন।

গুগল ট্রান্সলেটে যেভাবে কন্ট্রিবিউট করবেন?

মোহাম্মদ জাবেদ মোর্শেদ চৌধুরী

কেন গুগল ট্রান্সলেটে কন্ট্রিবিউট করবেন?

গুগল নিঃসন্দেহে পৃথিবীর অন্যতম জনপ্রিয় সার্চ ইঞ্জিন। গুগলে অনুবাদের জন্য রয়েছে [google translate](http://google.translate) (www.translate.google.com) নামের সার্ভিস। আমরা অনেক সময়ই বিভিন্ন অনুবাদ বিশেষ করে ইংরেজি থেকে বাংলা বা বাংলা থেকে ইংরেজিতে অনুবাদের জন্য গুগল ট্রান্সলেটের সাহায্য নিয়ে থাকি। কিন্তু সত্যিকার অর্থে গুগল ট্রান্সলেটের মান এখনও তেমন ভালো নয়। গুগল ট্রান্সলেটের মান বাড়তে গুগলের পাশাপাশি আমাদেরও কন্ট্রিবিউট করার সুযোগ রয়েছে। গুগলের বর্তমানে নিম্নমানের অনুবাদের একটি অন্যতম বড় কারণ হলো গুগলের ট্রান্সলেট ডাটাবেজ বা তথ্যভাণ্ডারটি এখনও তেমন সমৃদ্ধ নয়। তাই আমাদের সবাইকে এই ডাটাবেজ বা তথ্যভাণ্ডারটি সমৃদ্ধ করতে এগিয়ে আসতে হবে, যাতে গুগল আরও ভালো সার্ভিস দিতে পারে, গুগল ট্রান্সলেট থেকে আমরা আরও ভালো সার্ভিস পেতে পারি। গুগলের এই সার্ভিসটি যেহেতু সম্পূর্ণ ফ্রি, সুতরাং এতে আসলে প্রকৃতপক্ষে আমাদেরই লাভ। এছাড়া অন্য ভাষাভাষি যারা আছেন, তারাও খুব সহজে বাংলাভাষায় অনুবাদ পেতে পারেন বা আমাদের ভাষা সম্পর্কে জানতে পারবেন।

কীভাবে কন্ট্রিবিউট করবেন?

গুগল ট্রান্সলেটে কন্ট্রিবিউট করা বা নতুন নতুন শব্দমালা যোগ করা বা অনুবাদ যোগ করা আসলে খুবই সহজ। আসুন দেখে নেই, আমরা এই কাজটি কীভাবে করতে পারি।

০১. গুগল ট্রান্সলেটে নতুন অনুবাদ যোগ করতে হলে প্রথমেই আপনার একটি গুগল অ্যাকাউন্ট লাগবে। যদি আপনার জি-মেইল আইডি থাকে তবে সেটি দিয়ে নিজের অ্যাকাউন্টে লগইন করুন। আর যদি না থাকে তবে একটি অ্যাকাউন্ট তৈরি করে নিন।

০২. অ্যাকাউন্টে লগইন করার পর www.translate.google.com/community-তে যান। এবার যে পপআপটি (নির্দেশনাটি) এসেছে তাতে Got it বাটনে ক্লিক করুন।

০৩. এরপর My Language Setting নামের যে বাটনটি আছে তাতে ক্লিক করে English ও Bengali সিলেক্ট করে নিন। নিচে save বাটনে ক্লিক করুন।

০৪. এরপর আপনি নিচের স্ক্রিনটি দেখতে পাবেন। কেউ এটি দেখতে না পারলে বা পাশে Home বাটনে ক্লিক করুন।

০৫. এবার English → Bengali অথবা

সচরাচর জিজ্ঞাসিত প্রশ্ন ও এর উত্তর

প্রশ্ন : গুগল অনুবাদ কেমন করে কাজ করে?
উত্তর : পারিসংখ্যানের নিয়মে যেহেতু একই ইঞ্জিন ৯০টি ভাষার জন্য কাজ করে, সেখানে ভাষানির্ভর নিয়ম যোগ করার সীমাবদ্ধতা আছে। কাজেই এটি পরিসংখ্যান নিয়মে কাজ করে। গুগল ইন্টারনেট থেকে বিভিন্ন ভাষার কনটেন্ট জোগাড় করে তার ডাটাবেজের ইনপুট স্ট্রিং সেটটা বানায়। তারপর কমিউনিটির মাধ্যমে এর আউটপুট স্ট্রিং সেটটা তৈরি করে। কাজেই ভাষার কমিউনটিকে আউটপুট স্ট্রিংগুলো ঠিক করে দিতে হয়।

প্রশ্ন : বাংলা ভাষাতে তো দেড় লাখ একক শব্দ আছে। তাহলে কীভাবে চার লাখ যোগ হবে।

উত্তর : গুগল অনুবাদের বেলায় প্রতিটি আউটপুট স্ট্রিং তৈরি বা যাচাইয়ের ঘটনাকে সুবিধার জন্য আমরা শব্দ বলছি। এখানে শব্দ বলতে একক শব্দ, শব্দ যুগল, বাগধারা, প্রবাদ, বাক্য, বাক্যাংশ সবই বোঝানো হচ্ছে। আবার যেহেতু এটা পরিসংখ্যান নিয়মে কাজ করে, কাজেই একই শব্দ (অল ইনক্লুসিভ) কয়েকজনকে করতে হবে। আমরা সব মিলিয়ে ৪ লাখ করলেই হংকংয়ের রেকর্ডটা ভাঙতে পারব। তবে অনুবাদ করার সময় স্ক্রিপের ঘটনা কিন্তু কাউন্ট করা হবে না।

প্রশ্ন : আমাকে শুধু বাংলা সংবাদপত্রের হেডিং দেখায়?

উত্তর : ইন্টারনেটে বাংলা কনটেন্টের একটি বড় অংশই সংবাদমাধ্যম। ইনপুট স্ট্রিং সেখান থেকে নেয়া। কাজেই সেগুলোই বেশি দেখাবে। সংবাদপত্রের হেডিং অনেক সময় সম্পূর্ণ বাক্য হয় না।

প্রশ্ন : অর্থহীন বাক্য বা বাক্যাংশ দেখায় কেন?

উত্তর : গুগল ইঞ্জিন তার ইনপুট নিয়ে পারমুটেশন আর কম্বিনেশন করে নতুন বাক্য, বাক্যাংশ তৈরি করে। আগে বলা হয়েছে, এটি রুলভিত্তিক নয়। কাজেই বাক্য বা বাক্যাংশটি বাংলা ব্যাকরণের আলোকে শুদ্ধ নাও হতে পারে, হাস্যকরও হতে পারে। এই নিয়ে টেনশন নেয়ার কিছু নেই।

প্রশ্ন : অনুবাদ করার সময় কী কী সতর্কতা অবলম্বন করতে হবে।

উত্তর : সর্বোচ্চ সতর্কতা।
* আন্দাজে কোনো কিছু দেয়া যাবে না।
* হাতের কাছে বাংলা একাডেমির অভিধান রাখতে পারলে ভালো।
* না বুঝলে বা নিশ্চিত হতে না পারলে স্ক্রিপ করে যেতে হবে।
* অহেতুক সংখ্যা বাড়ানো যাবে না।

ফিডব্যাক : jabedmorshed@yahoo.com



Bengali → English অনুবাদ যোগ করতে পারবেন translate বাটনে ক্লিক করে। অনুবাদ যোগ করার সময় যে বাক্যটি পাবেন, সেটির যদি সঠিক অনুবাদ জানেন, তবে তা লিখবেন এবং submit বাটনে ক্লিক করবেন। আর যদি অনুবাদটি জানা না থাকে তবে skip বাটনে ক্লিক করবেন। এরপর স্বয়ংক্রিয়ভাবেই পরের শব্দ বা বাক্যটি ব্রাউজারে লোড হবে।

০৬. এছাড়া আপনি অন্যের করা অনুবাদগুলো সঠিক আছে কি না তা ভ্যালিডেট করতে পারবেন। এ ক্ষেত্রে আপনাকে Validate বাটনে ক্লিক করতে হবে। Bengali → English অনুবাদের ক্ষেত্রে যেটি সঠিক মনে হবে সেটিতে Correct আপশন সিলেক্ট করুন। আর যেটিকে ভুল মনে হবে, তাতে Incorrect আপশন সিলেক্ট করুন। তারপর Submit বাটনে ক্লিক করুন। আর জানা না থাকলে আগের মতো Skip বাটনে ক্লিক করুন।

০৭. English → Bengali ভেরিফাইয়ের ক্ষেত্রে যে অনুবাদটি আসছে তা যদি সঠিক হয় তবে Yes বাটনে ক্লিক করুন, আর যদি ভুল মনে হয় তবে No বাটনে ক্লিক করুন। তবে অনুবাদটি জানা না থাকলে Skip বাটনে ক্লিক করুন।

০৭ (১). এই ছিল কন্ট্রিবিউট করার উপায়। আরো জানতে চাই জানতে চাইলে কতগুলো অনুবাদ যোগ করলেন বা কতগুলো শব্দ/বাক্য ভেরিফাই করলেন, তবে My Answers বাটনে ক্লিক করে খুব সহজেই সেটি জেনে নিতে পারবেন।